দৈনিক ইত্তেফাক

তারিখ ... 03 SEP 1992 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# রাজশাহী মেডিক্যালে অপ্রীতিকর ঘটনা
## ২ জন অধ্যাপকের গাড়ী ভাংচুর

রাজশাহী অফিস ॥ গতকাল (বুধবার) বিকালে রাজশাহী মেডিক্যাল কলেজের কতিপয় উচ্ছৃংখল ছাত্র কলেজের দুইজন প্রফেসরের বাসায় হামলা চালাইয়া দুইটি গাড়ী, ফ্রিজসহ বিভিন্ন আসবাবপত্রের ব্যাপক ভাংচুর সাধন করে। তাহারা অপারেশন থিয়েটারও ভাংচুর করে। জানা যায়, গতকাল দুপুরে "ন্যাফোলোজি" বিভাগের মিলাদ-মাহফিলের পর কতিপয় ছাত্রের সহিত মেডিক্যাল কলেজের শিক্ষক ডাঃ আলী আহমদ আবু আশরাফ ও প্রফেসর রফিক উদ্দিনের কথা

( শেষ, পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

13

## রাজশাহী মেডিক্যাল

( ১ম পৃঃ পর )

কাটাকাটি ও উত্তপ্ত বাক্য বিনিময় হয়। ইহার জের হিসাবে ছাত্ররা পরে মিছিল বাহির করে এবং ভাংচুরের ঘটনায় লিপ্ত হয়। প্রফেসর রফিকউদ্দিনের টয়োটা করোলা গাড়ী (ঢাকা মেট্রো-৩৮৮৭) এবং ফ্রিজসহ বাসার আসবাবপত্র ভাংচুর ও তছনছ করা হয় এবং টেলিফোন সেট লুট হয়। ডাঃ আলী আশরাফের বাসায় ঢুকিতে বাধাপ্রাপ্ত হইয়া উচ্ছৃংখল ছাত্ররা তাঁহার গাড়ী ভাংচুর করে।

BANGLADESH BUREAU OF EDUCATIONAL INFORMATION AND STATISTICS
CODING SHEET FOR PARAMETERS